



COOCH BEHAR PANCHANAN BARMA UNIVERSITY

B.A. Honours 5th Semester Examinations, 2023

BENGALI

DSE-1

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৪০

পাঠ্যসূত্র সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশ করে।

The question paper contains DSE1A and DSE1B.  
The candidates are required to choose any *one* from the *two* options.  
Candidates should mention it clearly on the Answer Book.

DSE-1A

বাংলা উপন্যাস : উদ্ভব ও ক্রমবিকাশ

- ১। নিম্নলিখিত যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাওঃ ১×১০ = ১০
- (ক) রবীন্দ্রনাথের লেখা দুটি উপন্যাসের নাম লেখো।  
(খ) বাংলা সাহিত্যে প্রথম সার্থক ঐতিহাসিক উপন্যাসের নাম ও লেখকের নাম লেখো।  
(গ) তারাশঙ্করের 'হাঁসুলী বাঁকের উপকথা' কি ধরনের উপন্যাস ?  
(ঘ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের লেখা ঐতিহাসিক রোমান্সের নাম লেখো।  
(ঙ) উপন্যাসের একটি রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।  
(চ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের লেখা একখানি আত্মজীবনীমূলক উপন্যাসের নাম লেখো।  
(ছ) উপন্যাসের পাঁচটি গুরুত্বপূর্ণ উপাদানের নাম লেখো।  
(জ) 'গণদেবতা' উপন্যাসের ডাক্তার চরিত্রের নাম লেখো।  
(ঝ) 'গণদেবতা' উপন্যাসটি কোন পত্রিকায়, কি নামে প্রকাশিত হয় ?  
(ঞ) শিবকালীপুরের মানুষকে কোন নদী পার হয়ে জংশন স্টেশনে যেতে হয় ?  
(ট) গ্রামের চণ্ডী মণ্ডপে কী কী অনুষ্ঠিত হত বলে 'গণদেবতা' উপন্যাসে উল্লেখ আছে ?  
(ঠ) কালীপ্রসন্ন সিংহের 'হুতোম প্যাঁচার নকশা'র প্রথম অধ্যায়ে কোন নাটকের কথা আছে ?  
(ড) বীরকৃষ্ণ দাঁর উজ্জুগে প্রথম রাত্রে বারোয়ারি তলায় কী হয়েছিল ?  
(ঢ) বাবুদের চার পুরুষের মূল সন্ন্যাসী জাতিতে কি ছিলেন ?
- ২। নিম্নলিখিত যে-কোনো একটি বিষয়ে টীকা লেখোঃ ৫×১ = ৫
- (ক) জগন ডাক্তার  
(খ) আলালী ভাষা  
(গ) বাল্যবিবাহকেন্দ্রিক উপন্যাস।
- ৩। নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ ১০×১ = ১০
- (ক) মন্বন্তরের প্রেক্ষাপটে লেখা যে-কোনো একটি উপন্যাস অবলম্বনে তৎকালীন আর্থ-সামাজিক অবস্থা সংক্ষেপে আলোচনা করো।  
(খ) “ ‘গণদেবতা’ উপন্যাসের সব থেকে উজ্জ্বল চরিত্র দুর্গা ” — মন্তব্যটি গ্রহণযোগ্য কিনা বিচার করো।  
(গ) ‘হুতোম প্যাঁচার নকশা’ গ্রন্থে সমকালীন সমাজ ও সংস্কৃতির যে চিত্র ফুটে উঠেছে তা সংক্ষেপে লেখো।

- ৪। নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫
- (ক) ‘হুতোম প্যাঁচার নকশা’ অবলম্বনে কালীপ্রসন্ন সিংহের ভেতরে যে সমাজ সংস্কারক মন, হাস্যরসিক প্রাণ ও চিন্তাশীল মনন ছিল — তার পরিচয় দাও।
- (খ) ‘গণদেবতা’ উপন্যাসের নামকরণের তাৎপর্য ব্যাখ্যা করো।
- (গ) বাংলা উপন্যাস সাহিত্যে স্বদেশী আন্দোলনের প্রভাব আলোচনা করো।

### DSE-1B

#### বাংলা ছোটগল্প : উদ্ভব ও ক্রমবিকাশ (১৯৫০ পর্যন্ত)

- ১। নিম্নলিখিত যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাওঃ ১×১০ = ১০
- (ক) প্রথম সার্থক বাংলা ছোটগল্পের স্রষ্টা কে ?
- (খ) মন্বন্তরের পটভূমিতে লেখা মানিক বন্দ্যোপাধ্যায়ের একটি ছোটগল্পের নাম লেখো।
- (গ) ‘সাহিত্যে ছোটগল্প’ গ্রন্থের রচয়িতা কে ?
- (ঘ) একটি উদ্ভট ছোটগল্পের নাম লেখো।
- (ঙ) ‘নয়নচাঁদের ব্যবসা’ গল্পে নয়নচাঁদের দুই বন্ধুর নাম লেখো।
- (চ) মিত্তিরজা মৃত্যুকালে যমদূতকে দেখে পুণ্যলাভের আশায় কাকে, কি দান করেছিল ?
- (ছ) ‘নোনাঙ্গল’ গল্পে ‘এমখ’ শব্দের দ্বারা কি বোঝানো হয়েছে ?
- (জ) কুলুম শহর কোথায় ?
- (ঝ) মহেশ কত বছর গফুরের পরিবারকে প্রতিপালন করে বৃদ্ধ হয় ?
- (ঞ) ‘যেমন চাষা তার তেমনি বলদ। খড় জোটে না, চাল কলা খাওয়া চাই।’ — উক্তিটি কার ?
- (ট) অচিন্ত্যকুমার সেনগুপ্তের ছদ্মনাম কী ?
- (ঠ) ভক্ত কার বিয়েতে কোথায় বরযাত্রী এসেছিল ?
- (ড) ‘পাশাপাশি’ গল্পের নায়ক কি বন্ধক রেখে কলকাতা যাবার অর্থ সংগ্রহ করেছিল ?
- (ঢ) ‘মধু’ গল্পে কলাবতীর স্বামীর নাম কী ?
- ২। নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ ৫×১ = ৫
- (ক) ছোটগল্পের বৈশিষ্ট্যসমূহ সংক্ষেপে আলোচনা করো।
- (খ) ‘আমিও তেমনি দুখে গেছি’ — উক্তিটির বক্তা সম্পর্কে আলোচনা করো।
- (গ) ‘পাশাপাশি’ গল্পের বিকাশবাবুর জীবনযাত্রার ধরন আলোচনা করো।
- ৩। নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ ১০×১ = ১০
- (ক) দেশভাগের প্রেক্ষাপটে লেখা একটি গল্পের আলোচনা করো।
- (খ) ‘পাশাপাশি’ গল্পে বনফুলের অসামান্য শিল্পকুশলতার পরিচয় দাও।
- (গ) ‘মধু’ গল্পে গল্পকথক ও কলাবতীর সম্পর্কের স্বরূপ উন্মোচন করো।
- ৪। নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫
- (ক) ‘নয়নচাঁদের ব্যবসা’ গল্পে ত্রৈলোক্যনাথের সমাজসচেতন দৃষ্টিভঙ্গির পরিচয় দাও।
- (খ) ‘মহেশ’ গল্পের নামকরণের সার্থকতা আলোচনা করো।
- (গ) ছোটগল্পকে কেন ‘Peculiar Product of Nineteenth Century’ বলা হয় ? সে বিষয়ে বিস্তারিত আলোচনা করো।